টেবুনিয়ায় মাইক্রোবাসের ধাক্কায় নিহত ১

টেবুনিয়া সংবাদদাতা: পাবনা জেলা
সদরের টেবুনিয়া বাজারের পাশে
রাস্তা পারাপারের সময়
মাইক্রোবাসের ধাক্কায় মো: মজনু
মিয়া (৫০) নামে একব্যক্তি প্রাণ
হারিয়েছেন।

মঙ্গলবার দুপুরে পাবনা ঈশ্বরদী মহাসড়কের মজিদপুর নামক স্থানে এ দূর্ঘটনাটি ঘটে।

প্রত্যক্ষদর্শীরা জানান, মজনু মিয়া রাস্তা পারাপারের সময় পাবনা অভিমুখী একটি দ্রুতগামী মাইক্রোবাস তাকে ধাক্কা দিলে সে রাস্তায় পড়ে যায়। এ সময় স্থানীয়রা তাকে দ্রুত উদ্ধার করে পাবনা সদর হাসপাতালে নিয়ে যান।

পাবনা সদর হাসপাতালের চিকিৎসকরা অবস্থার অবনতি দেখে রাজশাহী মেডিক্যালে পাঠিয়ে দেন। সেখানে চিকিৎসাধীন অবস্থা ভোর রাতের দিকে মজনুর মৃত্যু হয়।

উল্লেখ্য নিহত মজনু মিয়া টেবুনিয়াস্থ বাড়ইপাড়া গ্রামের আফসার আলীর ছেলে।